

## বহুমুখী পাটপণ্যের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রঃ

- (১) পরিবেশবান্ধব বহুমুখী পাটপণ্যের প্রচার ও প্রসারের লক্ষ্যে একটি আন্তর্জাতিক মানের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র স্থাপন প্রয়োজন। দেশের অভ্যন্তরে কেবল বিভিন্ন মেলা ছাড়া স্থায়ীভাবে কোন বাজারে বা কোথাও বহুমুখী পাটপণ্যের তেমন কোন স্থায়ী বিক্রয় কেন্দ্র না থাকায় জেডিপিসি অফিসে বহুমুখী পাটপণ্যের বিক্রয় কেন্দ্র স্থাপিত হলে সেখানে মানসম্পন্ন পণ্যের সমাহার ঘটবে এবং বহুমুখী পাটপণ্যের সহজলভ্যতা তৈরী হবে। দেশী ও বিদেশী ক্রেতাগণ একটি কেন্দ্রেই বিভিন্ন প্রকার আকর্ষণীয় পাটপণ্য পাওয়ার ফলে সময়ের সাথে সাথে ক্রমাগত এর প্রচারও বৃদ্ধি পাবে।
- (২) প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সার্বিক ইন্টেরিয়র ও এক্সটেরিয়র এর ক্ষেত্রে একজন প্রফেশনাল ডিজাইনারকে সম্পৃক্ত করা যাতে পাটপণ্যের দেশীয় ঐতিহ্য প্রতিফলিত হয়।
- (৩) উক্ত কেন্দ্রে একটি কেন্দ্রীয় প্রদর্শনী, বায়ার-সেলার মিটিং রুম, ভিডিও ফ্যাসিলিটি, ছবির মাধ্যমে বহুমুখীপাটপণ্য উৎপাদন প্রক্রিয়া প্রদর্শন ইত্যাদির কিছু ফ্যাসিলিটি অন্তর্ভুক্ত রাখা প্রয়োজন।
- (৪) উদ্যোক্তাগণ প্রয়োজনে প্রফেশনাল ডিজাইনার খুঁজে পেতে সাহায্য করতে আগ্রহ প্রকাশ করেছেন। সেই সাথে সার্বিক ইন্টেরিয়র ও এক্সটেরিয়র কাজটি সম্পন্ন করতে প্রায় ৭ জন উদ্যোক্তা তাদের ডিজাইন টিমসহ স্বেচ্ছায় শ্রম দিতে আগ্রহ প্রকাশ করেছেন। তাঁদের কাছ থেকে এ সহায়তা নেয়া যেতে পারে।
- (৫) বিক্রয়কেন্দ্রটি পরিচালনার সুবিধার্থে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করাঃ
  - বিক্রয়কেন্দ্রটির সার্বিক বিক্রয় কার্যক্রম পরিচালনার স্বার্থে পরবর্তীতে একটি “প্রফেশনাল অপারেশনাল টিম” নিয়োগ করা যেতে পারে।
  - কোয়ালিটি পণ্য নিশ্চিত করার স্বার্থে পরবর্তীতে একজন “কোয়ালিটি কন্ট্রোলার” নিয়োগ দেয়া যেতে পারে।
  - পরবর্তীতে প্রতিটি বিক্রয়ের সকল তথ্য সংরক্ষণ করার স্বার্থে সফটওয়্যারসহ “আইটি এক্সপার্ট” নিয়োগ নিশ্চিত করতে হবে।
  - পরবর্তীতে পণ্যের মান উন্নয়নে উদ্যোক্তাদের সার্বক্ষণিক সহযোগিতা করার জন্য একজন “প্রডাক্ট ডেভেলপার” নিয়োগ করা।
- (৬) সকল কার্যক্রম সফলভাবে পরিচালনার স্বার্থে একটি “এডভাইজরী কমিটি” গঠন করা, যেখানে জেডিপিসি’র স্টিয়ারিং কমিটি, জেডিপিসি’র বেশ কয়েক জন প্রতিনিধি এবং উদ্যোক্তাদের সম্পৃক্ত করা যেতে পারে।